



তথ্য অধিদফতর

PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর : ০৩

দ্রুত সময়ে কোরবানির বর্জ্য অপসারণে আবারো রাসিকের রেকর্ড

রাজশাহী ২৪ আষাঢ় (১১ জুলাই):

নির্ধারিত সময়ের আগেই কোরবানির বর্জ্য অপসারণে আবারো রেকর্ড গড়েছে রাজশাহী সিটি কর্পোরেশন (রাসিক)। গতবারের মতো এবারো দ্রুত সময়ে কোরবানির বর্জ্য অপসারণ করেছে রাসিক।

ঈদের পরদিনই পরিচ্ছন্ন ও ঝকঝকে তকতকে শহর পেলেন মহানগরবাসী। এদিকে কোরবানির বর্জ্য অপসারণে সার্বিক সহযোগিতা করায় নগরবাসীকে আন্তরিক ধন্যবাদ জানিয়েছেন রাজশাহী সিটি মেয়র এ.এইচ.এম খায়রুজ্জামান লিটন।

রাসিকের পরিচ্ছন্ন বিভাগ স্ত্রে জানা গেছে, পৰিত্র ঈদুল আযহার দিন সকাল ১০টা থেকে কোরবানির বর্জ্য অপসারণ কার্যক্রম শুরু করেন সিটি কর্পোরেশনের ১৩৭৮ জন পরিচ্ছন্নকর্মী। বিকেলের মধ্যে ৩০টি ওয়ার্ড থেকে বর্জ্য রাখা হয় সিটি কর্পোরেশনের নির্ধারিত এসটিএস সমূহসহ ৫৮টি ছানে। রাসিক মেয়র এ.এইচ.এম খায়রুজ্জামান লিটনসন্ধ্যা ৬টার দিকে নগরীর ঐতিহ্য চতুর সেকেন্ডারি ট্রান্সফার স্টেশনে বর্জ্য অপসারণ কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এরপর থেকে এসটিএস সহ নির্ধারিত স্থানসমূহ থেকে বর্জ্য সিটি কর্পোরেশনের ডাম্পিং ইয়ার্ডে নিয়ে যাওয়া হয়। উদ্বোধনকালে মেয়র জানিয়েছিলেন, রাত ১২টার মধ্যে কোরবানির সকল বর্জ্য অপসারণ করা হবে।

এ ব্যাপারে মেয়র এ.এইচ.এম খায়রুজ্জামান লিটন বলেন, মহানগরবাসীর সার্বিক সহযোগিতা ও আমাদের পরিচ্ছন্ন কর্মীদের নিরলস প্রচেষ্টায় দ্রুত সময়ের কোরবানির বর্জ্য অপসারণ করা সম্ভব হয়েছে। এজন্য আমি রাজশাহী মহানগরবাসী এবং পরিচ্ছন্ন বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারীদের ধন্যবাদ জ্ঞাপন করছি।

মেয়র আরো বলেন, কোরবানির পশ্চ জবেহকরণের জন্য ২১০টি স্থান নির্ধারণ করে দেওয়া হয়েছিল। তবে নির্ধারিত স্থানের বাইরেও বিভিন্ন জায়গায় পশ্চ কোরবানি দিয়েছেন নাগরিকরা। দ্রুত সময়ে কোরবানির বর্জ্য অপসারণে ব্যাপক প্রস্তুতি গ্রহণ করেছিল রাজশাহী সিটি কর্পোরেশন।

.....

তৌহিদুজ্জামান/সিকান্দার/ হালিম/২০২২